



তারাগঞ্জ (রংপুর) উপজেলার বুড়িরহাট প্রাথমিক ও উচ্চ বিদ্যালয় মাঠে এভাবে স্যান্ডেল টায়ার পুড়িয়ে পিচ গলিয়ে মিকচার মেশিনে কংক্রিট মিকচার তৈরি করা হচ্ছে

তারাগঞ্জ স্কুল মাঠে সড়ক নির্মাণ সামগ্রী, জ্বলন্ত চুল্লি

তারাগঞ্জ (রংপুর) সংবাদদাতা
রংপুরের তারাগঞ্জে বুড়িরহাট উচ্চ বিদ্যালয় ও বুড়িরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে চলছে বিটুমিন গলিয়ে পাথরে নিশ্রণের কাজ। নিয়োজিত শ্রমিকরা নাক-মুখ বেধে কাজ করছেন। পাথর মিস্তার মেশিন থেকে হচ্ছে বিকট শব্দ কান পাতা যাচ্ছে না। বিদ্যালয় মাঠে ও আশপাশের এলাকাজুড়ে কালো ধোঁয়া আর তার সাথে ইট-পাথরের বালুকণা সৃষ্টি করেছে ধূলিময় পরিবেশ। শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকাদের স্বাস্থ্য ঝুঁকির মুখে ফেলে লেখাপড়া ও পাঠদানের ব্যাঘাত ঘটিয়ে এমন পরিবেশ তৈরি করেছে নূর-শাহাদৎ কনস্ট্রাকশন নামে একটি ঠিকাদারি প্রতিষ্ঠান।

উপজেলার সয়ার ইউনিয়নের বুড়িরহাট বাজার হয়ে চিলাপাক যাতায়াতের এক কিলোমিটার পাকা সড়কের পুনঃসংস্কারের কাজ চলছে। বাজারের পাশেই বুড়িরহাট উচ্চ বিদ্যালয় ও বুড়িরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়। সেই বিদ্যালয়ের মাঠেই সড়ক সংস্কারের কাজে নিয়োজিত ঠিকাদার বিদ্যালয় দুটির শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকাদের স্বাস্থ্য ভয়াবহ ঝুঁকির মুখে ফেলে লেখাপড়া ও খেলাধুলার ব্যাঘাত ঘটচ্ছেন। গত এক সপ্তাহ বিদ্যালয় মাঠে নির্মাণ সামগ্রী রেখে শ্রেণিকক্ষ সংলগ্ন স্থানে বিটুমিন গলিয়ে পাথর মিস্তারসহ সকল কাজকর্ম চালাচ্ছেন। পাশাপাশি এসব নির্মাণ সামগ্রী আনা-নেয়ার কাজে নিয়োজিত যানবাহন বিদ্যালয় মাঠে এলোমেলোভাবে রাখায় দুর্ঘটনার আশঙ্কা

দেখা দিয়েছে।
গতকাল সকাল ১১ টায় সরেজমিনে দেখা গেছে, বিদ্যালয়সহ আশপাশের এলাকা কালো ধোঁয়া ও ধূল্যে আচ্ছন্ন হয়ে পড়েছে। দিনের বেলায়ও এলাকা অন্ধকারে হয়ে পড়েছে। বিদ্যালয়ের ভিতরে প্রবেশ করলে ৮ম শ্রেণির ছাত্রী আলিয়া আক্তার বলে পিচ গলাতে পরিত্যক্ত জুতা ও পিভিসি স্যান্ডেল ও বাইসাইকেলের টায়ার পোড়ানো হচ্ছে। এতে এত দুর্গন্ধ ছড়াচ্ছে যে সারাফণ নাক-মুখ চেপে ধরে থাকতে হচ্ছে। ৭ম শ্রেণির ছাত্র জোবায়ের বলে বিদ্যালয়ের মাঠে কনানো মেশিনের বিকট

**খুলি, বালুকণা ধোঁয়ায়
দুগ্ধসহ পরিবেশ**

শব্দে কান ঝালাপালা হয়ে যায়। শব্দে ক্লাসে কিছুই শোনা যায় না।
বুড়িরহাট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম জানান, সরকারি কাজের দোহাই দিয়ে আশাদের বিদ্যালয়ের মাঠে ঠিকাদার হারুন-অর-রশীদ তার ঠিকাদারি সরঞ্জামাদি রেখে রাস্তার কাজ করছেন। এই পরিবেশে ক্লাস নিলেও শিক্ষার্থীরা লেখাপড়া ঠিকমতো বুঝতে পারছে না। ঠিকাদার হারুন-অর রশীদ বলেন, স্কুল ও রাস্তা দুটাই সরকারের। তাছাড়া শিক্ষার্থীদের তেমন কোন সমস্যা হচ্ছে না বলে আমি মনে করি। তারাগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ শাহজাহান জানান, পিচের ধোঁয়া পাথরের গুঁড়া ও ধূলিকণা স্বাস্থ্যনাশীতে প্রবেশ করে ফুসফুসের ক্ষতি করে। এতে হাঁপানি, কাশি, শ্বাসকষ্ট, চোখ জ্বালাপোড়া ও মাথাব্যথা হতে পারে।